



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/

৬২৫/১৭

/রাজবাড়ী-২৬/

তারিখঃ ০৫.২০১৯খ্রি.

বিষয়: এমপিও বন্ধের সুপারিশসহ বিভাগীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: ১। জেলা প্রশাসকের স্মারক নং-০৫.৩০.৮-২০০.০২৩.০২.২৫৮.১৮-৪৪৮; তারিখ: ১২/১১/২০১৮

২। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/রাজবাড়ী-২৬/৩১৬৮/৭; তারিখ: ১০/১২/২০১৮

৩। স্মারক নং- ০১/সুপার/সিডিএম/নোটিশ/জবাব/১৮; তারিখ: ৩১/১২/২০১৮।

৪। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/রাজবাড়ী-২৬/৩২৩৫/৭; তারিখ: ১১/০৪/২০১৯।

৫। স্মারক নং- ০২/সুপার /নোটিশ জবাব/১৯ খ্রি: সিডিএম: তারিখ: ১৮/০৪/২০১৯।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজবাড়ী জেলার সদর উপজেলাধীন চরশ্যামনগর দাখিল মাদ্রাসার সুপার জনাব মুহাম্মদ কামরুজ্জামান এর বিরুদ্ধে উক্ত মাদ্রাসার শিক্ষক, কর্মচারী ও এলাকার জনসাধারণ কর্তৃক বিভিন্ন অনিয়ম, অর্থ আত্মসাৎ এবং নৈতিক চরিত্র অবক্ষয় উল্লেখ করে সহকারী কমিশনার (ভূমি), রাজবাড়ী সদর, রাজবাড়ী বরাবর অভিযোগ দাখিল করেন।

উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে সহকারী কমিশনার (ভূমি), রাজবাড়ী সদর, রাজবাড়ী অভিযোগের বিষয়টি তদন্ত করে, তদন্ত প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার রাজবাড়ী সদর বরাবর প্রেরণ করেন। প্রতিবেদনে সুপার মুহাম্মদ কামরুজ্জামানের মাদ্রাসা পরিচালনায় অনিয়ম, দুর্নীতি, শিক্ষকদের নিকট হতে অর্থ গ্রহণ ও তা ফেরত না দেয়া, মাদকাসক্ত হওয়া, পতিতালয়ে গমন এবং নৈতিক চরিত্রের অবক্ষয়ের অভিযোগ সমূহ সত্য মর্মে উল্লেখ করেন। তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন ও আনুষঙ্গিক তথ্য প্রমাণের প্রেক্ষিতে আনিত অভিযোগ সমূহের সত্যতা প্রমাণিত হয়েছে মর্মে সূত্রোক্ত ১নং স্মারকে জেলা প্রশাসক, রাজবাড়ী সুপার জনাব মুহাম্মদ কামরুজ্জামান এর এমপিও বন্ধের সুপারিশসহ বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করেছেন (কপি সংযুক্ত)।

জেলা প্রশাসক রাজবাড়ী কর্তৃক প্রেরিত তদন্ত প্রতিবেদনের বিষয়ে সূত্রোক্ত ২নং স্মারকে এমপিও বন্ধসহ বিভাগীয় ব্যবস্থা কেন গ্রহণ করা হবে না তা পত্র প্রাপ্তির ৩০(ত্রিশ) কর্মদিবসের মধ্যে সমর্থনীয় কাগজপত্রসহ সন্তোষজনক লিখিত জবাব দাখিল করার জন্য তাঁকে অনুরোধ করা হলে সুপার জনাব মুহাম্মদ কামরুজ্জামান সূত্রোক্ত ৩নং স্মারকে জবাব দাখিল করেন। উক্ত লিখিত জবাব পর্যালোচনায় জবাবটি সন্তোষজনক নয় মর্মে প্রতীয়মান হয় (কপি সংযুক্ত)।

পরবর্তীতে পুনরায় সূত্রোক্ত ৪নং স্মারকে এমপিও বন্ধসহ বিভাগীয় ব্যবস্থা কেন গ্রহণ করা হবে না তা পত্র প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে সমর্থনীয় কাগজপত্রসহ সন্তোষজনক লিখিত জবাব দাখিল করার জন্য তাঁকে অনুরোধ করা হলে সুপার জনাব মুহাম্মদ কামরুজ্জামান সূত্রোক্ত ৫নং স্মারকে জবাব দাখিল করেন। উক্ত লিখিত জবাব পর্যালোচনায় জবাবটি সন্তোষজনক নয় মর্মে প্রতীয়মান হয় (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় সুপার জনাব মুহাম্মদ কামরুজ্জামান এর বিরুদ্ধে আনিত অভিযোগসমূহ জেলা প্রশাসক কর্তৃক তদন্ত প্রতিবেদনে প্রমাণিত হওয়ায় এবং জেলা প্রশাসক কর্তৃক সুপারের এমপিও বন্ধের সুপারিশ করায় তার এমপিও বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

সংযুক্তি: বর্ণনা মোতাবেকপাতা।

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ মহাপরিচালক

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

৩৭/৩/এ রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৩),

ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।

নং-বামাশিবো/প্রশাসন/

৬২৫/১৭

/রাজবাড়ী-২৬/

তারিখঃ ০৫.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, রাজবাড়ী।
২. উপজেলা নির্বাহী অফিসার, সদর, রাজবাড়ী।
৩. জেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, রাজবাড়ী।
৫. ম্যানেজিং কমিটির সদস্যবৃন্দ, চরশ্যামনগর দাখিল মাদ্রাসার।
ডাকঘর: খলিলপুর বাজার, উপজেলা: সদর, জেলা: রাজবাড়ী।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪

রাজ-২৬ (এমপিও বন্ধের সুপারিশ ডিজি)